



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: bcsgae1618@gmail.com
ওয়েবসাইট: www.bcsgea.org.bd ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৪৩৫৪ (মহাসচিব)

তারিখঃ ১৫.০৬.২০২২

সভার কার্যবিবরণী

গত ১৪ জুন, ২০২২ তারিখ রাত ৯:০০ টায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী। সভা পরিচালনা করেন সমিতির মহাসচিব জনাব মোঃ শওকত হোসেন মোল্যা।

আলোচ্যসূচি:

১. গফরগাঁও সরকারি কলেজে সংঘটিত ঘটনায় সমিতি কর্তৃক গৃহীত ১২.০৬.২০২২ তারিখের কর্মবিবর্তি ও মানববন্ধন কর্মসূচির পর্যালোচনা ও পরবর্তী করণীয়।
২. সমিতির ইউনিট কমিটি, জেলা কমিটি গঠন ও সমিতির সদস্য চাঁদা।

সভার শুরুতেই মহাসচিব মহোদয় ভারুয়াল সভায় অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সবার উদ্দেশ্যে আজকের আলোচ্যসূচি তুলে ধরে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

আলোচনায় অংশগ্রহণ করেন প্রফেসর মোঃ মামুন উল হক, প্রফেসর কাজী ফারুক আহমেদ, প্রফেসর মোঃ আবুল বাশার ভূঞা, প্রফেসর কাজী শফিকুর রহমান, জনাব শেখ মোঃ রফিকুল ইসলাম, জনাব মোঃ আব্দুর রাজ্জাক খান, জনাব জিয়া আরেফিন আজাদ, জনাব তানভীর হাসান, জনাব লোকমান ভূঁইয়া, জনাব কামাল হোসেন, জনাব কামরুন নাহার, জনাব মোহাঃ এনামুল হক, জনাব মোঃ শাহীনুল হক, জনাব কামরুজ্জামান চৌধুরী, জনাব প্রদীপ মোহন্ত, জনাব এস এম আশাদুল ইসলাম, জনাব কাজেম খান আবুল উলায়ী, জনাব মোহাম্মাদ ইলিয়াছ, জনাব মোঃ সিরাজুল ইসলাম, জনাব মোঃ শাহীনুল ইসলাম, জনাব মোহাম্মদ সিদ্দিকুর রহমান, জনাব মোঃ তোফাজ্জল আলী, জনাব মুহাম্মদ ফাতিহুল কাদীর, জনাব কাজী হাসানুজ্জামান, জনাব এস এম মাহাবুবুল ইসলাম, জনাব আসমা আক্তার, জনাব মোঃ হুমায়ুন কবীর।

আলোচ্যসূচি-১ (১২.০৬.২০২২ তারিখের কর্মসূচির পর্যালোচনা ও পরবর্তী করণীয়): প্রথমেই গফরগাঁও সরকারি কলেজের অধ্যক্ষ মহোদয় সেখানে সংঘটিত ঘটনার শুরু থেকে বিস্তারিত তুলে ধরেন। তিনি গফরগাঁও সরকারি কলেজের সংকটে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি পাশে থেকে কর্মসূচি প্রদান করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভায় আলোচকগণ গফরগাঁও সরকারি কলেজে সংঘটিত ঘটনার এখনো মামলা না হওয়ায় ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেন। তারা বলেন দেশের কোথাও যেন এজাতীয় ঘটনার পুনরাবৃত্তি না হয় সেভাবে পদক্ষেপ নিতে হবে। সবাই মানববন্ধনের মতো দুর্বল কর্মসূচি না দেবার অনুরোধ জানান এবং কর্তৃপক্ষকে আল্টিমেটাম দিয়ে কঠোর কর্মসূচি দেবার অনুরোধ জানান। সভায় কেন্দ্রীয় কমিটি থেকে একটি প্রতিনিধিদল গফরগাঁও যাবার প্রস্তাব করা হয়।

আলোচ্যসূচি-২ (সমিতির ইউনিট কমিটি, জেলা কমিটি গঠন ও সদস্য চাঁদা): সকল সাংগঠনিক বিভাগের সাংগঠনিক সচিবগণ তাদের নিজ নিজ বিভাগের ইউনিট ও জেলা কমিটি গঠন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। ইতোমধ্যে প্রায় শতভাগ ইউনিট কমিটি গঠিত হওয়ায় সবাই সন্তোষ প্রকাশ করেন। জেলা কমিটি গঠনের ক্ষেত্রে যেসকল জেলায় জেলা কমিটি নেই সেসব জেলায় কমিটি গঠনের ক্ষেত্রে কেন্দ্রীয় সিদ্ধান্ত আশা করেন। জেলা কমিটি গঠনের সাথে সাথে সদস্যচাঁদা প্রদানের বিষয়ে সকল সাংগঠনিক বিভাগের নির্বাচিত নেতৃবৃন্দ পদক্ষেপ নিবেন বলে জানান।

(চলমান পাতা-০১)



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: bcsgae1618@gmail.com
ওয়েবসাইট: www.bcsgea.org.bd ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৪৩৫৪ (মহাসচিব)

বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে,

১. গফরগাঁও সরকারি কলেজে সংঘটিত ঘটনার গফরগাঁও থানাকে মামলা রেকর্ডে বাধ্য করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করে সময় বেঁধে দেয়া হবে। আগামী ১৮ জুন, ২০২২ তারিখের মধ্যে মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী ও মহাপরিচালক, মাউশি মহোদয়কে ঘটনার সুষ্ঠু বিচারের লক্ষ্যে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কঠোর অবস্থান জানিয়ে দেয়া হবে। ২১ জুন, ২০২২ তারিখের মধ্যে গফরগাঁও থানা মামলা গ্রহণ করে আসামীদের গ্রেফতার না করলে ধারাবাহিক কঠোর কর্মসূচি গ্রহণ করা হবে।
২. প্রয়োজনে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও আইজিপি মহোদয়ের সাথে সাক্ষাৎ করা হবে।
৩. সমিতি নেতৃবৃন্দ আবারও গফরগাঁও সরকারি কলেজ সফর করবেন।
৪. কোনো জেলায় জেলা কমিটি বা আহবায়ক কমিটি মেয়াদোত্তীর্ণ হলেও সেই কমিটিই সমিতির গঠনতন্ত্র অনুযায়ী জেলার সকল ইউনিটের কর্মকর্তাদের সম্মেলনের মাধ্যমে কমিটি গঠন করবেন। যেসকল জেলায় জেলা কমিটি নেই সেসকল জেলায় সংশ্লিষ্ট সাংগঠনিক বিভাগের সহ-সভাপতি, যুগ্মমহাসচিব ও সাংগঠনিক সচিব যৌথভাবে সম্মেলনের আয়োজন করবেন এবং গঠনতন্ত্র অনুযায়ী জেলা কমিটি গঠন করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
সভাপতি

মোঃ শওকত হোসেন মোল্যা
মহাসচিব

দৃষ্টি আকর্ষণঃ ১। সম্পাদক, ইউনিট কমিটি, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

২। প্রচার সচিব, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)

৩। দপ্তর সচিব, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি (ওয়েবসাইটে প্রদান ও অফিসে সংরক্ষণের জন্য)